

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৪০.২৭.৪৬৫.১৭.১৮০২


তারিখ: ৩১/১০/২০১৭ খ্রিঃ

বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন লালমনিরহাট টেকনিক্যাল স্কুল ও কলেজের ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) জনাব মোঃ মহিদুর রহমান এর বিরুদ্ধে দায়িত্ব অবহেলা ও উদ্বর্তন কর্তৃপক্ষের যুক্তি সঙ্গত আদেশ অমান্য করা সংক্রান্ত অভিযোগ পাওয়া গেছে।

- ২। বর্ণিত বিষয়ে স্মারক নং-টিএসসি(লাল)/সাঃ-২০/৩২৮০ তারিখ: ০১/০৪/২০১৭ খ্রিঃ মোতাবেক তাকে প্রতিষ্ঠানের ইলেকট্রিক্যাল ট্রেডের সাব-স্টোরের দায়িত্ব বুঝে নেয়ার আদেশ প্রদান করা হয়। পরবর্তীতে দায়িত্ব গ্রহণে গড়িমশি করলে তাকে পুনরায় স্মারক নং-টিএসসি/ লাল/ সাঃ-২০/৩৩৭৭ তারিখ: ১৭/০৬/২০১৭ খ্রিঃ মোতাবেক পত্র দেয়া হয়। পত্রে উল্লিখিত নির্ধারিত তারিখ অতিবাহিত হওয়ার পরেও উক্ত দায়িত্বের প্রায় অর্ধেক কাজ সম্পন্ন করে অবশিষ্ট কাজ নিয়ে গড়িমশি করেন। এছাড়া দায়িত্ব বুঝে নেয়া হতে অব্যাহতির জন্য ০৫/০৮/২০১৭ খ্রিঃ তারিখে স্বাক্ষরিত আবেদন ২০/০৮/২০১৭ খ্রিঃ তারিখে দাখিল করেন।
- ৩। তার দায়িত্ব অবহেলা ও গাফিলতির জন্য অধ্যক্ষের কক্ষে এক জরুরী সভায় উপস্থিত সকলে দায়িত্ব নেয়ার ব্যাপারে অনুরোধ করেন এবং তার অব্যাহতির আবেদন মোতাবেক ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রিক্যাল) ও এইচএসসি (ভোক) ক্লাশ লোড কমিয়ে একজন খন্ডকালীন শিক্ষক নিয়োগের মাধ্যমে ক্লাশ পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তবুও তিনি স্টোরের দায়িত্ব নিতে অপারগতা প্রকাশ করেন এবং অন্যত্র (খাগড়াছড়ি/বান্দরবান/কক্সবাজার) বদলীর জন্য সুপারিশের কথা বলেন।

এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে জনাব মোঃ মহিদুর রহমান-কে পত্র প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।


শেখ মোঃ নূরুল ইসলাম
পরিচালক(ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩০/১০/১৭

জনাব মোঃ মহিদুর রহমান
ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল)
লালমনিরহাট টেকনিক্যাল স্কুল ও কলেজ
লালমনিরহাট।

কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। অধ্যক্ষ, লালমনিরহাট টেকনিক্যাল স্কুল ও কলেজ, লালমনিরহাট।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।